দৈনিক বাংলা

তারিখ ...0.7. AUG 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

48

# চট্টগ্রাম ভার্সিটি পরিস্থিতি এখনও ঘোলাটে

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ৬ই আগস্ট।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিস্থিতি এখনও ঘোলাটে। সরকারী সিদ্ধান্ত এখন পর্যন্ত না পাওয়ায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্ম সম্পূর্ণ বিপর্যস্ত।

ইসলামী ছাত্র শিবির ও শিবির সমর্থিত সংগ্রামী ছাত্র ঐক্য বিশ্ববিদ্যালয়ের ভিসির বাস ভবন ঘেরাও ও অফিস অবরোধ করে রাখার ফলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজকর্ম সম্পূর্ণ বন্ধ। আজও শিবির ও শিবির

(৫–এর পৃঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

সমর্থিত সংগঠনগুলোর আহবানে ধর্মঘট ও বিক্ষোভ মিছিল বের হয়।

অপরদিকে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসন ও সন্ত্রাস বন্ধের দাবীতে মিছিল বের করে। সাধারণ শিক্ষক পরিষদ আজ নিউমার্কেট চত্বরে এক সভায় শিবিরের অবরোধের নিন্দা করে।

ইতিপূর্বে শিবির ভিসির বাসভবনের সামনে যে মাইক লাগিয়েছিল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে পুলিশ গতকাল সেগুলো সরিয়ে দেয় এবং পুলিশের সংখ্যা বৃদ্ধি করে।